

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.১২৮৫(৫০)

তারিখ : ২৮/০৭/২০১৬ খ্রি:।

বিষয় : অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-১৬ এর লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী আতপ চালের বিভাজন।

সূত্র : খাদ্য মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৩.০০৩.২০১৬-৫৭, তারিখ ২৮-০৭-২০১৬ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০১৬ এর আওতায় চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মেঃটন আতপ চাল সংগ্রহের লক্ষ্যে বিভাগ, জেলা, উপজেলা-ওয়ারী বিভাজন করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (ক) ২০১৬ সালের বোরো মৌসুমে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মেঃটন আতপ চাল সংগ্রহ করা হবে;
- (খ) আতপ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩১.০০ (একত্রিশ) টাকা;
- (গ) চাল সংগ্রহের সময়সীমা ৩১ আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত;
- (ঘ) বোরো সংগ্রহ/২০১৬ এর আওতায় আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ২৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখ হতে ০৪/০৮/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত;
- (ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত বাবদ ৫০ কেজি ধারণক্ষম প্রতিটি বস্তার মূল্য হবে ৯০.০০ (নব্বই) টাকা;
- (চ) বিগত বোরো সংগ্রহ-২০১৫ মৌসুমে যে সব মিলার আতপ চালের চুক্তি সম্পাদন করেননি এবং যারা চুক্তি সম্পাদন করেও সমুদয় চাল সরবরাহে ব্যর্থ হয়েছেন, তাদের চলতি বোরো সংগ্রহ মৌসুম-২০১৬ সংগ্রহ কার্যক্রমে অংশ গ্রহণে বারিত রাখতে হবে;

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকে ধার্যকৃত ৫০,০০০ মেঃটন আতপ চালের উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রার বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তাঁর অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা ২০১০ এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের আতপ চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
চট্টগ্রাম/সিলেট বিভাগ।

পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
e-mail: dproc@dgfood.gov.bd
তারিখ : ২৮/০৭/২০১৬ খ্রি:।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.১২৮৫(৫০) ১২৮৫(৫০) ১৩৫

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক/কৃষি উন্নয়ন ব্যাংক রাজশাহী, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

পরিচালক, সংগ্রহ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।